দৈনিক ইনকিলাব

তারিখ ... 31 OCT 1992 ... ...
পৃষ্ঠা... ১২ ... কলাম ... ২ ...

169

## ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর জন্য এডিবি ৬০ কোটি টাকা ঋণ দেবে

গত বছর এপ্রিলের প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ে চট্টগ্রাম ও খুলনা বিভাগ দু'টিতে ক্ষতিগ্রস্ত (সরকারী ও সরকারের স্বীকৃতিপ্রাপ্ত) প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহ পুনর্নির্মাণ ও সেগুলোর আসবাবপত্র প্রতিস্থাপন সরঞ্জাম ও ল্যাবরেটরী দ্রব্য প্রদান সম্পর্কিত প্রকল্পে এই ঋণ ব্যয় হবে।

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) বাংলাদেশে ক্ষতিগ্রস্ত বিদ্যালয়সমূহের পুনর্নির্মাণ ও পুনর্বাসনে ১ কোটি ৩ লাখ ৫৬ হাজার এসডিআর (৬০ কোটি টাকা প্রায়) ঋণ অনুমোদন করেছে। খবর বাসস'র।

সুদমুক্ত এই ঋণ ১০ বছরের গ্রেস পিরিয়ডসহ ৪০ বছরে পরিশোধ করতে হবে। এই ঋণের সাথে বছরে এক শতাংশ সার্ভিস চার্জ জড়িত রয়েছে।